

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
পল্লী ভবন  
৫ কাওরান বাজার, ঢাকা।

বিষয়: বিভিন্ন শাখা/জেলাদপ্তর কর্তৃক প্রেরিত ২০১৮-২০১৯ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS)'র ২য় কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনার জন্য নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ হাসানুল ইসলাম এনডিসি  
তারিখ : ৩১/১২/২০১৮ খ্রি.।  
সময় : সকাল ১০.০০ ঘটিকা।  
সভার স্থান : পরিচালক (প্রশাসন) এর অফিস কক্ষ।


সভায় উপস্থিতি পরিশিষ্ট 'ক'-তে।

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি বিআরডিবি'র NIS-টিমের সদস্য সচিব উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয় শাখা)-কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন।

তিনি বিআরডিবি'র বিভিন্ন শাখা/জেলাদপ্তর থেকে প্রাপ্ত ২০১৮-২০১৯ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোর দ্বিতীয় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি শাখা/জেলাদপ্তরসমূহের ২০১৮-২০১৯ NIS -এর লক্ষ্যমাত্রা অর্জন পৃথকভাবে পর্যালোচনা করেন। বিভিন্ন শাখা/জেলাদপ্তরের বেশ কিছু সুচকের ক্ষেত্রে ২য় কোয়ার্টার পর্যন্ত আনুপাতিক অর্জন সন্তোষজনক না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। তিনি NIS-এর লক্ষ্যমাত্রা সঠিক ও যথাযথভাবে প্রতিপালনের জন্য আরো সচেতন হওয়ার পরামর্শ প্রদানসহ প্রয়োজনবোধে শাখা/জেলাদপ্তরসমূহের NIS সংশ্লিষ্টদেরকে প্রশিক্ষণ প্রদানের উপর গুরুত্বারোপ করেন। সকল শাখা/জেলাদপ্তর হতে নির্দিষ্ট সময়ের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করার জন্য ও পরামর্শ প্রদান করেন। বিস্তারিত আলোচনাশেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :-

- ১) শাখা পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন দাখিল করতে হবে।
- ২) প্রতি কোয়ার্টারে অন্তত: ১টি করে ভিডিও কনফারেন্স-এর আয়োজন করতে হবে।
- ৩) ই-টেন্ডার কার্যক্রম পরিচালনা করতে হবে।
- ৪) জরুরী পত্রাদি/নোটিশ প্রেরণের ক্ষেত্রে ই-মেইল ও এসএমএস এর মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবগত করতে হবে।
- ৫) ২০১৮-২০১৯ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় যে সকল শাখা/জেলা ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা পূরণে ব্যর্থ হয়েছে তাদেরকে ২য় কোয়ার্টারের ঘাটতিসহ ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।
- ৬) সকল শাখা প্রধান তাদের স্ব-স্ব শাখার শুদ্ধাচারের উপর কার্যক্রম বাস্তবায়নের জন্য যথাযথ মনিটরিং-এর ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৭) সিটিজেন চার্টার অনুযায়ী ১০০% সেবা নিশ্চিত করতে হবে।
- ৮) সেবা প্রদানের ক্ষেত্রে বিআরডিবি'র সকল কর্মকর্তা-কর্মচারীকে ১০০% ভাগ সততা ও নিষ্ঠার পরিচয় দিতে হবে।
- ৯) পরবর্তী কোয়ার্টারের পূর্বের ঘাটতিসহ ৩য় ত্রৈমাসিক পর্যন্ত সম্পূর্ণ লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।
- ১০) শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার আলোকে সংশ্লিষ্ট সকলকে কর্মপরিবেশের উন্নয়ন ও সেবার মান বৃদ্ধির জন্য নতুন নতুন উদ্যোগ ও কার্যক্রম গ্রহণ করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
মোঃ হাসানুল ইসলাম এনডিসি  
পরিচালক (প্রশাসন)